রানের রেকর্ডের পেছনে ছোটা রুটের সঙ্গী হলো না পাওয়ার রেকর্ড

সময়ের অন্যতম সেরা ব্যাটসম্যান তিনি, কিন্তু চিরপ্রতিদ্বন্দ্বীদের মাটিতে একটা শতকও নেই। আক্ষেপটা নিশ্চিতভাবেই পোড়াচ্ছে ইংলিশ অধিনায়ক জো রুটকে। একের পর এক অর্ধশতক হাঁকিয়েছেন অস্ট্রেলিয়ার জমিনে, কিন্তু শতকের দেখা পাওয়া হয়নি। আক্ষেপটা আরেকটু বেড়েছে আজ সকালে।

সিরিজের ধারাবাহিকতা বজায় রেখে মেলবোর্নে আজ অ্যাশেজের তৃতীয় টেস্টের প্রথম সকালেও যথারীতি ব্যর্থ দুই ইংলিশ ওপেনার। ফলে আগেভাগেই নামতে হয়েছিল রুটকে। ইংল্যান্ড অধিনায়ক শুরুর ধসটা সামলেছেন দক্ষ হাতে। তুলে নিয়েছেন অর্ধশতক। কিন্তু এরপরই বিধি বাম। ৫০ করেই স্টার্কের বলে উইকেটকিপার অ্যালেক্স ক্যারির হাতে ক্যাচ দিয়েছেন।

অস্ট্রেলিয়ার মাটিতে এ নিয়ে এক এক করে নয়বার অর্ধশতক ছোঁয়া হয়ে গেল রুটের। কিন্তু শতক এল না এখনো! অস্ট্রেলিয়ার মাটিতে সফরকারী আর কোনো ব্যাটসম্যান শতক না হাঁকিয়ে এত বেশি অর্ধশতক কখনো করেননি। এক পঞ্জিকাবর্ষে সর্বোচ্চ রান করার রেকর্ডটা ধাওয়া করছিলেন রুট, চেষ্টা করছিলেন অস্ট্রেলিয়ার মাটিতে প্রথম শতক পাওয়ার। তাই বলে এই রেকর্ড চাননি হয়তো রুট!

রুটের অপ্রত্যাশিত রেকর্ড অর্জনের সকালে অস্ট্রেলিয়ার অধিনায়ক প্যাট কামিন্সের প্রত্যাবর্তনটা হয়েছে প্রত্যাশিতভাবে। কোভিড-১৯ পজিটিভ এক ব্যক্তির সংস্পর্শে আসায় সাবধানতা হিসেবেই অ্যাশেজে দ্বিতীয় টেস্টে ছিলেন না অস্ট্রেলিয়ার নতুন নিয়মিত অধিনায়ক। তৃতীয় টেস্টে ফিরেছেন। ফিরেই ইংল্যান্ডের টপ অর্ডার ছেঁটে দিয়েছেন দক্ষ হাতে।

ররি বার্নসের জায়গায় সুযোগ পাওয়া জ্যাক ক্রলির পাশাপাশি হাসিব হামিদ বা ডেভিড মালান-প্রত্যেকেই বশ মেনেছেন কামিন্সের গতির বিষে। হাসিব হামিদ তো ‘ডাক’ মেরেই ফিরেছেন, বাকি দুজনও ১৫ পেরোতে পারেননি।

এরপর ইংল্যান্ড বড় ধাক্কা খেয়েছে স্টার্কের বলে রুটও ফিরে যাওয়ায়। কিন্তু সেখানেই শেষ নয়। ইংল্যান্ডকে ধসের মুখে ফেলে ২৫ রান করে আউট হয়ে যান স্টোকসও, ক্যামেরন গ্রিনের বলে লায়নের হাতে ক্যাচ দিয়েছেন। কিছুক্ষণ আগে লায়নের বলেই আউট হয়েছেন জনি বেয়ারস্টোও। এই প্রতিবেদন লেখার সময়ে চা বিরতি হয়ে গেছে, আর চা খেতে যাওয়ার আগে ৬ উইকেটে ১২৮ রান করতে পেরেছে ইংল্যান্ড।

এই পঞ্জিকাবর্ষে ২৭ টেস্ট ইনিংস খেলেছেন রুট, যার মধ্যে ১৪ ইনিংসেই প্রথম দশ ওভারের মধ্যে মাঠে নামতে হয়েছে তাঁকে। ধরতে হয়েছে ইনিংস মেরামতের কাজ। টেস্টে ইংল্যান্ডের টপ অর্ডার যে রুটকে ছাড়া কতটা নাজুক, এই পরিসংখ্যান সেটাই বলে। তবে শতক না পেলেও আরেকটা রেকর্ড নিজের করে নিয়েছেন ইংল্যান্ড অধিনায়কের। টেস্ট অধিনায়ক হিসেবে এক পঞ্জিকাবর্ষে সবচেয়ে বেশি রান এখন রুটেরই। অর্ধশতক হাঁকানোর পথে আজ ছাড়িয়েছেন সাবেক দক্ষিণ আফ্রিকান অধিনায়ক গ্রায়েম স্মিথকে। ২০০৮ সালে ১৬৫৬ রান করেছিলেন স্মিথ।

অধিনায়ক হিসেবে এক পঞ্জিকাবর্ষে সবচেয়ে বেশি রান করা হয়ে গেলেও সব মিলিয়ে এখনো তৃতীয় স্থানে রুট। ১৭৮৮ রান নিয়ে শীর্ষে আছেন পাকিস্তানের কিংবদন্তি ব্যাটসম্যান মোহাম্মদ ইউসুফ। ১৭১০ রান নিয়ে দ্বিতীয় স্থানে ক্যারিবীয় কিংবদন্তি স্যার ভিভিয়ান রিচার্ডস। ১৬৮০ রান নিয়ে রুট আছেন এর পরেই। অর্থাৎ, হাতে থাকা মেলবোর্ন টেস্টের দ্বিতীয় ইনিংসে ইউসুফকে টপকাতে হলে অস্ট্রেলিয়ার মাটিতে সেঞ্চুরি না পাওয়ার আক্ষেপটাও ঘোচাতে হবে রুটকে!

আজ টিভিতে যা দেখবেন

অ্যাশেজ সিরিজ স্টার স্পোর্টস ২মেলবোর্ন টেস্ট আগামীকাল ভোর ৫-৩০ মি.ফুটবল স্টার স্পোর্টস সিলেক্ট ১
প্রিমিয়ার লিগ প্রিভিউ বেলা ২–৩০ মি.ক্রিকেট স্টার স্পোর্টস সিলেক্ট ১২০১৪ টি–টোয়েন্টি বিশ্বকাপ হাইলাইটস বেলা ১–৩০ মি.ক্রিকেট সনি টেন ১ বিগ ব্যাশ ২০২১ হাইলাইটস বেলা ৩–৩০ মি.

বিপিএল: দল পেলেন না মাশরাফি-তামিম-রিয়াদ

অনিশ্চয়তার মেঘ কাটিয়ে ২১ জানুয়ারিতে মাঠে গড়াবে বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) অষ্টম আসর। টুর্নামেন্ট সামনে রেখে ২৭ ডিসেম্বর ঢাকার র্যাডিসন ব্লু ওয়াটার গার্ডেন হোটেলে অনুষ্ঠিত হবে প্লেয়ার্স ড্রাফট।

তার আগেই অটো চয়েজ সুবিধায় বিপিএলে দল পেয়ে গেলেন জাতীয় দলের তিন তারকা – অলরাউন্ডার সাকিব আল হাসান, কাটার মাস্টার মোস্তাফিজুর রহমান ও অন্যতম বাঁহাতি স্পিনার নাসুম আহমেদ। অথচ এই অটো চয়েজে দল পাননি জাতীয় দলের পঞ্চপাণ্ডবের অন্যতম তিন তারকা মাশরাফি বিন মর্তুজা, তামিম ইকবাল ও মাহমুদউল্লাহ রিয়াদ।

জানা গিয়েছিল, এবারের বিপিএলে প্লেয়ার্স ড্রাফটের আগে প্রতিদল তিনজন করে বিদেশি আর একজন করে স্থানীয় ক্রিকেটার দলে নিয়ে রাখতে পারবে। যারা থাকবেন ‘এ’ ক্যাটাগরিতে। সেই সুবিধায় সবার আগেই উঠে আসে সাকিবের নাম। ফরচুন বরিশালের হয়ে খেলবেন তিনি। ধারণা করা হচ্ছিল, এর পর একে একে তামিম, রিয়াদ, মুশফিক ও মাশরাফিকে নেবে বাকি ৫ দল।

কিন্তু সবাইকে অবাক করে দিয়ে অটো চয়েজ হিসেবে নাসুম আহমেদকে নেয় চট্টগ্রাম চ্যালেঞ্জার্স ফ্র্যাঞ্চাইজি। মোস্তাফিজকে দলে নিয়েছে কুমিল্লা ওয়ারিয়র্স। এর বাইরে বাকি তিন দল ঢাকা, খুলনা ও সিলেটও পছন্দের ক্রিকেটার বেছে নিয়েছে। সে তালিকায় মুশফিকুর রহিমের নাম থাকলেও নেই ‘এ’ ক্যাটাগরির তিন শীর্ষ তারকা মাশরাফি বিন মর্তুজা, তামিম ইকবাল ও মাহমুদউল্লাহ রিয়াদ।

ঢাকার অটো চয়েজ সৌম্য সরকার। সিলেটের অটো চয়েজ তাসকিন আহমেদ। আর খুলনার অটো চয়েজ মুশফিকুর রহিম। মাশরাফি, তামিম ও রিয়াদকে কোনো দল অটো চয়েজে রাখেনি। অর্থাৎ এ তিন শীর্ষ তারকার ভাগ্য ঝুলে আছে ২৭ তারিখে। সেদিন প্লেয়ার্স ড্রাফটে ‘এ’ ক্যাটাগরিতে রাখা এই তিন শীর্ষ তারকাকে যে কোনো দল তাদের কিনতেও পারে আবার নাও কিনতে পারে।

সে হিসেবে এ তিন তারকার বিপিএল খেলা এখনো অনিশ্চয়তার দোলাচলে।

বাংলাদেশ-নিউজিল্যান্ড সিরিজ দেখা যাবে যে দুই চ্যানেলে

নিউজিল্যান্ডে ১১ দিন ঘরবন্দি থেকে জড়তা চলে এসেছিল বাংলাদেশের ক্রিকেটারদের শরীরে। তবে মঙ্গলবার প্রথমবারের মতো অনুশীলন করে তা অনেকটাই কেটে গেছে।

ম্যাচ শুরুর আগে এভাবে কয়েক দিন অনুশীলন করতে পারলে শরীর ও মন দুটোই চাঙ্গা হয়ে উঠবে বলে মনে করেন কিপার-ব্যাটার লিটন দাস। ক্রাইস্টচার্চের লিঙ্কন বিশ্ববিদ্যালয় মাঠে বুধবার দ্বিতীয় দিনের মতো অনুশীলন করেছে মুমিনুল হকের দল।

আগামী বছরের প্রথম দিন থেকেই শুরু হতে যাচ্ছে দুই টেস্ট সিরিজের প্রথমটি। অর্থাৎ হাতে এখনও এক সপ্তাহের বেশি সময় আছে। এই টেস্ট সিরিজ কোনো চ্যানেলে দেখা যাবে না বলে শোনা খবরে এতদিন ধরে হতাশ ছিলেন বাংলাদেশের ক্রিকেটপ্রেমীরা। তবে জানা গেছে, দুটি চ্যানেল দেখাবে সিরিজটি।

টি-স্পোর্টস ও গাজী টিভি সরাসরি ম্যাচ সম্প্রচার করবে স্বাগতিক নিউজিল্যান্ডের বিপক্ষে বাংলাদেশের আইসিসি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ম্যাচ দুটি।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) প্রধান নির্বাহী নিজামউদ্দিন চৌধুরী বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, ‘বাংলাদেশের দুটি চ্যানেলে খেলা দেখা যাবে। টি-স্পোর্টস ও গাজী টিভি সরাসরি ম্যাচ সম্প্রচার করবে। শুরুতে একটু সমস্যা ছিল, পরে আমাদের জানানো হয় খেলা দেখা যাবে। তাই হচ্ছে।’

সিরিজের প্রথম টেস্ট শুরু হবে ১ জানুয়ারি মাউন্ট মঙ্গানুইতে। আর দ্বিতীয় টেস্ট শুরু হবে ৯ জানুয়ারি ক্রাইস্টচার্চে।

[redacted]

[redacted]

তিনি রেখেছেন।

পাকিস্তানের ঘরোয়া ক্রিকেটে ১৪ বছর কাটিয়ে দিয়েছেন আবিদ আলী। ২০০৭ সালে পাকিস্তানের ঘরোয়া প্রথম শ্রেণির ক্রিকেট টুর্নামেন্ট কায়েদে আজম ট্রফিতে তাঁর অভিষেক। ২০১৭-১৮ মৌসুমে ইসলামাবাদের হয়ে প্রথম শ্রেণির ক্রিকেটের একটি ইনিংসে আদ্যন্ত ব্যাটিংয়ের রেকর্ড আছে তাঁর। সে ম্যাচে তিনি করেছিলেন অপরাজিত ২৩১। কিছুদিন পর আরও একটি ইনিংসে তাঁর ব্যাট থেকে আসে অপরাজিত ২৪৯ রানের একটি ইনিংস।

আবিদ এখন পর্যন্ত একমাত্র ক্রিকেটার, যিনি টেস্ট আর ওয়ানডে অভিষেকে সেঞ্চুরি করেছেন। অনেকটা নীরবে-নিভৃতেই তিনি নিজেকে প্রতিষ্ঠিত করেছেন পাকিস্তানের ক্রিকেট ইতিহাসে।

কোহলি বড্ড ঝগড়াটে

সিরিজ খেলতে এখন দক্ষিণ আফ্রিকায় আছে ভারতীয় দল। কিন্তু তাতে কজনই বা মনোযোগ দিতে পারছেন? আসল উত্তেজনা তো ছড়াচ্ছে মাঠের বাইরের ‘খেলা’!

ওয়ানডেতে বিরাট কোহলির অধিনায়কত্ব হারানো ও রোহিত শর্মার নেতৃত্বের মসনদে ওঠা নিয়ে গত কয়েক সপ্তাহ ধরেই তোলপাড় চলছে ভারতীয় ক্রিকেটাঙ্গনে। বাইরে যতই সম্প্রীতির কথা বলা হোক না কেন, কোহলিকে সরিয়ে রোহিতকে অধিনায়ক বানানোর পথটা যে মোটেও মসৃণ ছিল না, সেটা কোহলি ও বিসিসিআইয়ের পরস্পরবিরোধী বক্তব্যেই স্পষ্ট।

টি-টোয়েন্টি বিশ্বকাপের আগেই টি-টোয়েন্টি দলের অধিনায়কত্ব ছেড়ে দেওয়ার ঘোষণা দিয়েছিলেন কোহলি। এরপর টি-টোয়েন্টির অধিনায়কত্ব যায় রোহিতের হাতে। এরপর আলোচনা ছিল, ওয়ানডেতে কোহলিকে অধিনায়ক রাখা হবে কি না। এমন আলোচনার মধ্যে হঠাৎ করেই ৫০ ওভারের ক্রিকেটে অধিনায়ক হিসেবে রোহিতের নাম ঘোষণা করা হয়।

ওয়ানডের নেতৃত্ব থেকে কোহলিকে সরিয়ে দেওয়ায় ভারতীয়

ক্রিকেটপ্রেমীদের তোপের মুখে পড়েছেন বিসিসিআইয়ের সভাপতি সৌরভ গাঙ্গুলী আর নির্বাচকেরা।

সামাজিক যোগাযোগমাধ্যমে সৌরভকে নিয়ে অনেক কিছুই লেখা হচ্ছে। অনেকেই এমন সিদ্ধান্তের পেছনে সৌরভের ব্যক্তিগত অভিসন্ধি খুঁজে নিচ্ছেন। তবে সৌরভ নিজেই জানিয়েছেন, নির্বাচকেরা সাদা বলের ক্রিকেটে আলাদা দুই অধিনায়ক চাইছিলেন না বলেই কোহলিকে ওয়ানডে দলের অধিনায়কত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

ফলে এক রকম মুখোমুখি অবস্থানেই আছেন যেন কোহলি-সৌরভ। এর মধ্যেই কোহলিকে নিয়ে করা আরেক মন্তব্যের জন্য আলোচনার জন্ম দিয়েছেন বিসিসিআই সভাপতি।

গুরগাওঁয়ের এক অনুষ্ঠানে সেদিন অতিথি হিসেবে গিয়েছিলেন সৌরভ গাঙ্গুলী। কথায় কথায় উপস্থিত শ্রোতারা অনেক কিছুই জানতেন চান সৌরভের কাছে। অবধারিতভাবেই উঠে আসে কোহলির প্রসঙ্গ। কোহলির আচার-আচরণ নিয়েও মন্তব্য করতে হয় সৌরভকে।

তাঁকে জিজ্ঞেস করা হয়েছিল, কোন খেলোয়াড়ের আচার-আচরণ ভালো লাগে। উত্তরে কোহলির নাম বললেও একটা ‘কিন্তু’ রেখে দিয়েছেন সৌরভ, ‘আমি কোহলির আচার-আচরণ ও মানসিকতা পছন্দ করি, কিন্তু ও বড্ড বেশি ঝগড়াটে!’

ক্রিকেটের বাইরেও অনেক প্রশ্নের উত্তর দিতে হয় সৌরভকে। একজন যেমন জিজ্ঞেস করেন, জীবনে চাপ সামলানোর উপায় কী। রসিক সৌরভ তখন সময়ক্ষেপণ না করেই জবাব দেন, ‘জীবনে চাপ বলে আসলে কিছু নেই। শুধু স্ত্রী আর বান্ধবীই চাপ বাড়াবে আপনার জীবনে!’

হঠাৎ বিসিবিতে জরুরি সভা ডাকলেন পাপন

হঠাৎ করেই বোর্ড পরিচালকদের নিয়ে বৈঠকে বসতে যাচ্ছেন বিসিবি সভাপতি নাজমুল হাসান পাপন। অনেকের ধারণা হতে পারে, আসন্ন বিপিএল

নিয়েই এই জরুরি বৈঠক।

কিন্তু না, জানা গেল শনিবার দুপুরে মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে বিসিবি অফিসে অনুষ্ঠিতব্য সভাটি বিপিএল গভর্নিং কাউন্সিলের নয়।

বাংলাদেশ দলের নিউজিল্যান্ড সফর আলোচনার মূল বিষয়। কারণ বাংলাদেশ দলকে অনুশীলন করার অনুমতি দেওয়ার একদিন পর তা প্রত্যাহার করে নিয়েছে নিউজিল্যান্ডের স্বাস্থ্য মন্ত্রণালয়। ২১ ডিসেম্বর পর্যন্ত অনুশীলন থেকে বিরত থাকতে বলা হয়েছে মুমিনুলদের।

ধারণা করা হচ্ছে, বাংলাদেশ দলের স্পিন বোলিং কোচ রঙ্গনা হেরাথের করোনা ধরা পড়ায় সেদেশের স্বাস্থ্য মন্ত্রণালয় এই নির্দেশ দিয়েছে। বাংলাদেশ টেস্ট দলের আরও আটজন খেলোয়াড় ও সাপোর্ট স্টাফ আগে থেকেই আইসোলেশনে রয়েছেন। আপাতত ২১ ডিসেম্বর পর্যন্ত আবার বন্দি জীবন কাটাতে হবে তাদের।

দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলতে নিউজিল্যান্ড গিয়ে বাংলাদেশ দলের এই কোয়ারেন্টিন জটিলতা নিয়ে উদ্বিগ্ন বিসিবি।

জানা গেছে, করোনায় আক্রান্ত বাংলাদেশ দলের স্পিন বোলিং কোচ রঙ্গনা হেরাথকে হোটেল থেকে নিয়ে যাওয়া হয়েছে কোভিড সেন্টারে। হেরাথের করোনা ওমিক্রন পজিটিভ হলে কোয়ারেন্টিনের সময়সীমা বাড়তে পারে এবং পুরো সফর আয়োজনেও একটা জটিলতার সৃষ্টি হতে পারে।

সব মিলিয়ে নিউজিল্যান্ড সিরিজ নিয়ে শঙ্কা তৈরি হয়েছে। সেজন্যই বিসিবিতে বসেছে আজকের সভা। সেখানে বোর্ড পরিচালকদের নিয়ে করণীয় ঠিক হবে বলে জানা গেছে।

সভার ডাক পেয়ে দুপুর ১২টার পর একে একে মিরপুরের শেরেবাংলা স্টেডিয়ামে বিসিবি ভবনে আসছেন বোর্ড কর্তারা। পৌনে ১টা নাগাদ হাজির হয়েছেন সভাপতি নাজমুল হাসান পাপন।

এবার বাংলাদেশে খেলতে আসছে আফগানিস্তান

এ বছর বাংলাদেশে খেলে গেছে অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও পাকিস্তানের মতো বড় বড় দলগুলো। এবার বাংলাদেশে খেলতে আসছে ক্রিকেটের উদীয়মান শক্তি আফগানিস্তান। ২০২২ সালের ফেব্রুয়ারি-মার্চে বাংলাদেশ সফর করবে আফগানিস্তান ক্রিকেট দল। বাংলাদেশে তিনটি ওয়ানডের সঙ্গে দুটি টি-টোয়েন্টি খেলবেন রশিদ-নবীরা।

মঙ্গলবার আফগানিস্তান ক্রিকেট বোর্ড (এসিবি) ২০২২ এবং ২০২৩ সালে ফিউচার ট্যুর প্রোগ্রাম (এফটিপি) চূড়ান্ত করেছে। এর মধ্যে আইসিসি ও এসিসি ইভেন্টও রয়েছে। দুই বছরে মোট ৩৭ ওয়ানডে, ১২ টি-টোয়েন্টি ও ৩ টেস্ট খেলবে আফগানিস্তান।

২০২২ সালে ফেব্রুয়ারি মাসে বাংলাদেশ সফরে আসবে আফগানিস্তান। ২০ ফেব্রুয়ারি পর্যন্ত বিপিএলের সূচি আছে। এরপরই আফগানিস্তান সিরিজে অংশ নেবে বাংলাদেশ। বাংলাদেশ সর্বশেষ ওয়ানডে ম্যাচ খেলেছে জুলাইয়ে। ওয়ানডে সুপার লিগে ভালো অবস্থানে আছে বাংলাদেশ। ১২ ম্যাচে ৮ জয়ে বাংলাদেশের পয়েন্ট ৮০। ৯৫ পয়েন্ট নিয়ে বাংলাদেশের উপরে আছে ইংল্যান্ড।

২০১৯ সালে সর্বশেষ বাংলাদেশ সফরে এসেছিল আফগানিস্তান ক্রিকেট দল। সেই সফরে বাংলাদেশের বিপক্ষে একটি টেস্ট ও জিম্বাবুয়ে-বাংলাদেশের বিপক্ষে ত্রিদেশীয় সিরিজ খেলেছিল আফগানিস্তান।

রিয়াল দেখিয়ে দিল মাদ্রিদ কার

গত মৌসুমের লিগ শিরোপা জেতার পর দলবদলের বাজারেও রিয়াল মাদ্রিদ আর বার্সেলোনাকে বেশ ভালো ব্যবধানেই পেছনে ফেলেছিল আতলেতিকো মাদ্রিদ। রদ্রিগো দি পল, আঁতোয়ান গ্রিজমান, মাতেউস কুনিয়ার মতো একাধিক কার্যকরী খেলোয়াড় দলে টেনে অনুচ্চারে জানিয়ে দিয়েছিল, শিরোপা ধরে রাখার জন্য যা যা করা দরকার, তা-ই করতে

রাজি তারা।

ওদিকে লিওনেল মেসি আর সের্হিও রামোসের ক্লাব ছাড়ার কারণে দুই শিরোপা প্রতিদ্বন্দ্বী বার্সা ও রিয়াল কাগজে-কলমে খর্বশক্তির হয়ে গিয়েছিল। বার্সেলোনা মাঠের খেলাতেও ধার হারিয়েছে।

কিন্তু লিগ শুরু হওয়ার পর প্রতি সপ্তাহেই রিয়াল দেখিয়ে দিচ্ছে, কাগজে-কলমে যতই তাদের খর্বশক্তির মনে হোক না কেন, মাঠের খেলায় সেটার প্রকাশ সামান্যই। পয়েন্ট তালিকায় এমনিতেই শীর্ষে ছিল তারা। গত রাতে নগরপ্রতিদ্বন্দ্বী আতলেতিকো মাদ্রিদকে ২-০ গোলে হারিয়ে রিয়াল বুঝিয়ে দিল, রামোস-ভারান চলে গেলেও এই রিয়ালের ধার কমেনি।

করিম বেনজেমা আর মার্কো আসেনসিওর গোলে পুরো তিন পয়েন্ট পকেটে পুরেছে তারা। দুটি গোলেই সহায়তা করেছেন এই মৌসুমে দুর্দান্ত ফর্মে থাকা ব্রাজিলিয়ান উইঙ্গার ভিনিসিয়ুস জুনিয়র।

প্রথাগত কোনো রাইটব্যাক এই ম্যাচে খেলেননি আতলেতিকোর হয়ে। স্প্যানিশ মিডফিল্ডার মার্কোস ইয়োরেন্তেকে খেলানো হয়েছে সে পজিশনে। ফলে ভিনিসিয়ুসকে আটকে রাখার দায়িত্বটাও তাঁরই ছিল। তবে ভিনিসিয়ুস নিজেকে কোনো একটা জায়গায় সীমাবদ্ধ রাখেননি। কখনও ডানে খেলেছেন, কখনও বাঁয়ে। প্রথম গোলের সহায়তাও বাঁ দিক থেকে নয়, করেছেন ডান দিক থেকে। সেখান থেকে তাঁর ক্রসে সুন্দর ভলি করে ১৬ মিনিটেই দলকে এগিয়ে দেন বেনজেমা।

৩৫ মিনিটে আতলেতিকোকে সমতায় ফেরানোর সুযোগ পান গ্রিজমান। বক্সের বাইরে থেকে পাওয়া ফ্রি-কিকটা জায়গামতো মারলেও রিয়ালের বেলজিয়ান গোলকিপার থিবো কোর্তোয়া দুর্দান্তভাবে আটকে দেন। ম্যাচে চোটের কারণে আর তেমন ভূমিকা রাখতে পারেননি এই ফরাসি ফরোয়ার্ড। দ্বিতীয়ার্ধে তাঁর জায়গায় মাঠে নামানো হয় পর্তুগিজ ফরোয়ার্ড জোয়াও ফেলিক্সকে।

এই পরিবর্তনে আরেকটু হলে কাজও হয়ে যাচ্ছিল। ৫০ মিনিটে ফেলিক্সের পাস থেকে ব্রাজিলিয়ান ফরোয়ার্ড মাতেউস কুনিয়ার দারুণ শট নিয়েছিলেন, কিন্তু আবারও আটকে দেন কোর্তোয়া।

৫৭ মিনিটেই আবারও রিয়ালের গোল। ভিনিসিয়ুসের ডিফেন্সচেরা পাস থেকে ডি-বক্সের মধ্যে প্রায় ফাঁকায় দাঁড়িয়ে থাকা আসেনসিও বাঁ পায়ের প্লেসিংয়ে আরও এগিয়ে দেন রিয়ালকে।

এই জয়ে ১৭ ম্যাচে ৪২ পয়েন্ট পাওয়া হয়ে গেল রিয়াল মাদ্রিদের। এক ম্যাচ কম খেলে ৩৪ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে আছে সেভিয়া। ২৯ পয়েন্ট নিয়ে চতুর্থ স্থানে আতলেতিকো। ওদিকে ২৪ পয়েন্ট নিয়ে আট নম্বরে বার্সেলোনা।

মুশফিক-লিটন ভালো খেলছে না, নতুনদের সুযোগ দিতে হবে

মুশফিকুর রহিমকে জাতীয় দলের ত্রাতাই বলা চলে। দলের প্রয়োজনে একাধিক ম্যাচে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে পেয়েছেন ‘ডিপেন্ডেবল’ ক্রিকেটারের খ্যাতি।

কিন্তু সবশেষ টি-টোয়েন্টি বিশ্বকাপে প্রত্যাশিত পারফরম্যান্স করতে পারেননি। ৮ ম্যাচে ১৮ গড়ে করেছেন মাত্র ১৪৪ রান। যে কারণে তাকে নিয়ে কম সমালোচনা হয়নি। বিশ্বকাপে বাজে পারফরম্যান্সের কারণে পাকিস্তানের বিপক্ষে সদ্য শেষ হওয়া টি-টোয়েন্টি সিরিজের দলে জায়গা পাননি মুশফিক।

দল থেকে বাদ পড়ে হতাশায় ভেঙে পড়া মুশফিক মেজাজ হারিয়ে মিডিয়ার সামনে কথা বলে ক্রিকেট বোর্ডের কাছ থেকে শোকজ লেটার পান।

অবশ্য সেই সমস্যা মিটে গেছে। টি-টোয়েন্টি সিরিজে সাইড বেঞ্চে বসার সুযোগ না পেলেও পাকিস্তানের বিপক্ষে টেস্ট সিরিজে দুর্দান্ত পারফরম্যান্স করেছেন।

মুশফিকের মতো একই অবস্থা লিটন দাসের। টি-টোয়েন্টি বিশ্বকাপে দলের প্রত্যাশা পূরণ করতে ব্যর্থ এই তারকা ব্যাটসম্যান। ৭ ম্যাচে করেছেন মাত্র ১২৮ রান। ধারাবাহিক পারফর্ম করতে না পারায় বাদ পড়েন পাকিস্তানের বিপক্ষে হোম সিরিজে। তবে টেস্টে সুযোগ পেয়ে চট্টগ্রামে করেছেন সেঞ্চুরি।

শনিবার বিকেএসপিতে সাংবাদিকদের সঙ্গে আলাপে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি নাজমুল হাসান পাপন বলেন, আমাদের টিম

মোটামুটি ফিক্সড। কিন্তু দল যে নিউজিল্যান্ডে গেল, সেখানে তামিম-সাকিব-রিয়াদ নাই। এটার ইমপ্যাক্ট তো আসবে।

মুশফিক-লিটন প্রসঙ্গে বিসিবি সভাপতি বলেন, মুশফিক-লিটন দাস ভালো খেলছে না, তো তাদের জায়গায় নতুন কাউকে তো সুযোগ দিতে হবে। সেটা দিতে গিয়েই দলে বিভিন্ন চেঞ্জ করে ম্যানেজমেন্ট। তবে আমার ধারণা এটা তারা ভালো চিন্তাতেই করে।